

মা ও শিশু সহায়তা কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকাল ভাতা এবং শহর অঞ্চলের ল্যাকটেটিং ভাতা উন্নত সংস্করণ মহিলা ও শিশু সহায়তা কর্মসূচি। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আওতায় ০ থেকে ৪ বছরের শিশুর পুষ্টিমান উন্নয়ন এবং বুদ্ধিবৃত্তিক বিকাশের জন্য এই কর্মসূচী পরিকল্পনা করা হয়েছে।

কর্মসূচি স্থানীয় পর্যায়ে ব্যাপক প্রচারণার মাধ্যমে কর্মসূচির উদ্দেশ্য এবং শিশুদের প্রথম ১০০০ দিনের পুষ্টির গুরুত্ব সম্পর্কে তথ্য প্রদান করা হয়। গর্ভবতী মহিলারা কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য স্বপ্রণোদিত হয়ে তাদের জাতীয় পরিচয়পত্র, এ এন সি কার্ড এবং পছন্দের অ্যাকাউন্ট তথ্যসহ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে আবেদন করতে পারবে। এই কর্মসূচি ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MIS) এর মাধ্যমে পরিচালিত হয়।

প্রতিমাসে নির্দিষ্ট কমিটি চূড়ান্ত যাচাই বাছাই এর মাধ্যমে ভাতাভোগী নির্বাচন করা হয় এবং G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়। গর্ভাবস্থায় এবং নবজাতকের পুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে গর্ভাবতী ও দুগ্ধদানকারী মা প্রতিমাসে ৮০০ টাকা হারে ভাতা পেয়ে থাকেন যা তাদের অতিরিক্ত খাদ্য ও পুষ্টির চাহিদা পূরণে করতে সহায়তা করে। ভাতা প্রদানের পাশাপাশি গর্ভাবতী মা ও শিশুর পুষ্টি, নিরাপদ প্রসব ও গর্ভাবতী মা এবং তার পরিবারের সদস্যদের (শাশুড়ি/স্বামী/মা/ননদ) পুষ্টি সম্পর্কিত দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তনের আনয়নের জন্য উঠান বৈঠকের মাধ্যমে Behavior Change Communication (BCC) প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে এবং এই প্রশিক্ষণটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত। গর্ভকালীন সময় থেকে শিশুর ৪ বছর পর্যন্ত শিশুর যত্ন গর্ভবতী মহিলাদের গর্ভকালীন সময়ে পুষ্টির জন্য অতিরিক্ত খাবার গ্রহণে প্রতিমাসে মায়ের অ্যাকাউন্টে ভাতার অর্থ হস্তান্তর করা হয়। প্রতি মাসে ভাতার অর্থ প্রদানের ফলে পরিবার গুলো তাদের পুষ্টিকর খাদ্যাবাস গড়ে তুলতে সক্ষম হবে এবং স্বাস্থ্য সেবা গ্রহণ নিশ্চিত হবে। পুষ্টি সম্পর্কিত দৃষ্টিভঙ্গি ও আচরণ পরিবর্তনের প্রশিক্ষণের মাধ্যমে সারাদেশে কৃষিকায় ও খর্বকায় শিশুর জন্মের হার হ্রাস করার দীর্ঘমেয়াদী ফল হিসেবে প্রসবপূর্ব যত্ন এবং মা ও শিশুর পুষ্টি নিশ্চিত করে। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচী এই কর্মসূচী বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করেছে। (ফেব্রুয়ারী-২২) বর্তমানে মা ও শিশু সহায়তা কর্মসূচী মোট ৬৮ টি উপজেলা, ৪২ টি পৌরসভা, ২ টি সিটি কর্পোরেশন এবং ৬ টি গার্মেন্টস কারখানায় বাস্তবায়ন হচ্ছে। এর মাধ্যমে ২০০০০০(দুই লক্ষ) সুবিধা ভোগী অন্তর্ভুক্ত করা হয়েছে যারা মাসিক ভিত্তিতে ভাতা সুবিধা পাচ্ছে।

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল পত্রের দ্বিতীয় ধাপ (২০২১-২০২৬) এর কর্ম পরিকল্পনা অনুসারে ২০২৫-২০২৬ অর্থ বছরে ৬ মিলিয়ন শিশুকে এই কর্মসূচীর অন্তর্ভুক্ত করার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে।